



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)

## ২০২৪ সালের এসএসসি পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি

স্মারক নং- ৫৩৮/মাধ্য-পরী/২০০৩/২২৩২

তারিখ : ১৫/১০/২০২৪ খ্রি.

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল বিদ্যালয় প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে ২০২৪ সালে অনুষ্ঠিতব্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার **Online** এ ফরম পূরণ ও প্রয়োজনীয় ফি ঢাকা শিক্ষা বোর্ডে জমা দেয়ার তারিখ, ফি এর হার ও নিয়মাবলি নিম্নে উল্লেখ করা হলো।

১। **Online** এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (**probable list**) প্রদর্শন : শিক্ষার্থীদের তথ্য সংবলিত সম্ভাব্য তালিকা ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইট ([www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)) এ ২৯/১০/২০২৩ তারিখে দেওয়া হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ৩০/১০/২০২৩ থেকে ০৭/১১/২০২৩ তারিখের মধ্যে Online এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ (**eFF**) সম্পন্ন করতে হবে।

(ক) প্রতিষ্ঠানসমূহ ঢাকা বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে **OEMS/eFF** এ ক্লিক করে **EIIN** ও **Password** দিয়ে **Login** করে **Probable list** এ যেতে হবে এবং **Print** করে হার্ডকপিতে লালকালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী নির্ধারণ করতে হবে।

(খ) উক্ত হার্ডকপি **Probable list** এ টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত **probable list** থেকে **Select** করতে হবে।

(গ) **Temporary List Print** করে ভালভাবে যাচাই/বাছাই করে প্রয়োজন হলে **Select/ Unselect** করা যাবে।

(ঘ) এর পর **Pay Slip Print** করতে হবে। নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় (যে শাখায় সোনালী সেবা চালু আছে) **Pay Slip** এ উল্লিখিত পরিমাণ টাকা জমা প্রদান করতে হবে। উল্লেখ্য **Pay Slip Print** করলে আর কোন অবস্থাতেই **Select/Unselect** করা যাবে না।

(ঙ) ফি এর টাকা ব্যাংকে জমা দেয়ার ২৪ ঘণ্টার মধ্যে **Final Candidate List Print Active** হবে।

(চ) **Final Candidate List Print** করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন।

(ছ) প্রয়োজন হলে শিক্ষা প্রতিষ্ঠান নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট ছাত্র/ছাত্রীদের মধ্য থেকে ফরম পূরণের কাজ একইভাবে সম্পন্ন করতে পারবে।

(জ) বিলম্ব ফি সহ ০৯/১১/২০২৩ হতে ১৩/১১/২০২৩ পর্যন্ত অনলাইনে ফরম পূরণ (**eFF**) করা যাবে।

২। পরীক্ষার্থীর স্বাক্ষর সংবলিত প্রিন্ট কপি শিক্ষা প্রতিষ্ঠানে ১ (এক) কপি সংরক্ষণ করতে হবে।

৩। ফি জমার সর্বশেষ তারিখ: বিলম্ব ফি ছাড়া ০৮/১১/২০২৩ এবং বিলম্ব ফিসহ ১৪/১১/২০২৩ পর্যন্ত

ক্রমিক নং	কাজের বিবরণ	তারিখ
(ক)	রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকা সাপেক্ষে জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীসহ আবশ্যিক ও নৈর্বচনিক বিষয়/বিষয়সমূহে এক থেকে চার বিষয়ে ২০২৩ সালের অকৃতকার্য পরীক্ষার্থীগণের ২০২৪ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণের জন্য নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বরাবরে সাদা কাগজে আবেদন করার শেষ তারিখ :	২৯/১০/২০২৩
(খ)	নির্বাচনি (টেস্ট) পরীক্ষা গ্রহণসহ ফল প্রকাশের শেষ তারিখ :	২৬/১০/২০২৩
(গ)	অনলাইনে ফরমপূরণ বিলম্ব ফি ছাড়া	৩০/১০/২০২৩ হতে ০৭/১১/২০২৩
(ঘ)	বিলম্ব ফি ছাড়া অনলাইনে ফি জমা দেয়ার শেষ তারিখ :	০৮/১১/২০২৩
(ঙ)	বিলম্ব ফি সহ অনলাইনে ফরমপূরণ	০৯/১১/২০২৩ হতে ১৩/১১/২০২৩
(চ)	পরীক্ষার্থী প্রতি ১০০.০০ (একশত) টাকা হারে বিলম্ব ফিসহ অনলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ :	১৪/১১/২০২৩